অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/3/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

বিদ্যুৎ সঞ্চয়ের উদ্দেশ্যে গভর্নর কুওমো 55 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন - এর মধ্যে লং আইল্যান্ডের বাণিজ্যিক এবং আবাসিক সঞ্চয় প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে

সোলার-প্লাস-স্টোরেজ ডিপ্লয়মেন্ট (Solar-Plus-Storage Deployment)-কে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) এবং পিএসইজি লং আইল্যান্ড (Public Service Electric and Gas Long Island, PSEG-LI)-এর মধ্যে সহযোগিতার সম্পর্ক স্থাপিত হয়েছে

2030 সালের মধ্যে নিউ ইয়র্কে 3,000 মেগাওয়াট বিদ্যুৎ সঞ্চয়ের লক্ষ্যে অগ্রযাত্রা শুরু হয়েছে

গভর্নর কুওমোর গ্রিন নিউ ডিলকে সমর্থন করে - যেটি দেশের শীর্ষস্থানীয় পরিচ্ছন্ন বিদ্যুৎ ও কর্মসংস্থান এজেন্ডা যা নিউ ইয়র্ককে কার্বন নিরপেক্ষতা অর্জনের পথে রাখছে

বিদ্যুৎ সঞ্চয়ের উদ্দেশ্যে আজকে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো 55 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন, এর মধ্যে লং আইল্যান্ডের বাণিজ্যিক এবং আবাসিক সঞ্চয় প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির কাছ থেকে প্রাপ্ত প্রায় 15 মিলিয়ন মার্কিন ডলার সহযোগিতার মাধ্যমে এই প্রোগ্রামটি প্রাথমিকভাবে যাত্রা শুরু করবে। লং আইল্যান্ডের উদ্যোগে বিদ্যুৎ সঞ্চয়ের প্রকল্পটি 2030 সালের মধ্যে নিউ ইয়র্কে 3,000 মেগাওয়াট বিদ্যুৎ সঞ্চয়ের লক্ষ্যে অগ্রযাত্রা শুরু হয়েছে – যা নিউ ইয়র্কের প্রায় 40 শতাংশ বাড়িতে বিদ্যুৎ সরবরাহ করার সমতুল্য। আজকের এই ঘোষণা গভর্নর কুওমোর গ্রিন নিউ ডিলকে সমর্থন করে – যেটি দেশের শীর্ষস্থানীয় পরিচ্ছন্ন বিদ্যুৎ ও কর্মসংস্থান এজেন্ডা যা নিউ ইয়র্ককে কার্বন নিরপেক্ষতা অর্জনের পথে রাখছে।

"আমাদের জাতীয় পরিচ্ছন্ন বিদ্যুৎ সুবিধা অর্জন এবং জলবায়ু পরিবর্তনের সাথে সংগ্রাম করার প্রকট কৌশলের মাধ্যমে নিউ ইয়র্ককে দেশের অন্যান্য স্টেটের কাছে একটি উদাহরণ হিসেবে তুলে ধরবে", **গভর্নর কুওমো বলেন**। "বিদ্যুৎ সঞ্চয়ের এই উদ্যোগ লং আইল্যান্ডবাসীদের পরিচ্ছন্ন বিদ্যুৎ ভিত্তিক অর্থনৈতিক ব্যবস্থা সৃষ্টিতে এবং ঘন ঘন চরম বৈরি আবহাওয়াকে মোকাবিলা করার পাশাপাশি নতুন কর্মসংস্থানের সৃষ্টি করবে।"

প্রতিজ্ঞাবদ্ধ এই 15 মিলিয়ন মার্কিন ডলার NYSERDA-এর রিটেইল এনার্জি স্টোরেজ ইনসেনটিভ প্রোগ্রাম (Retail Energy Storage Incentive Program)-এর মাধ্যমে বাণিজ্যিক ও আবাসিক

প্রকল্পের জন্য দ্রুতই লং আইল্যান্ডের বাসিন্দা এবং ব্যবসায়ীদের কাছে পৌঁছে যাবে। ফান্ডের বাকি অর্থ, মোট প্রায় 55 মিলিয়ন মার্কিন ডলার আগামী তিন থেকে পাঁচ বছরের মধ্যে বরাদ্দ করা হবে এবং লক্ষ্য থাকবে খরচটাকে কমিয়ে পরিচ্ছন্ন বিদ্যুৎ প্রযুক্তির বাজারকে চাঙ্গা করা। আজকের প্রকাশিত উদ্যোগটি কাস্টমারের সাইটে স্ট্যান্ডঅ্যালন সিস্টেম বা সোলারের সাথে সংযুক্ত সিস্টেমে বিদ্যুৎ সঞ্চয় করবে।

"যেহেতু আমরা আবহাওয়ার পরিবর্তন মোকাবিলা এবং আমাদের গ্রিড পরিবর্তনের লক্ষ্যে কাজ করছি তাই আমাদের ভবিষ্যতের বিদ্যুতের ক্ষেত্রে লং আইল্যান্ড একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "বিদ্যুৎ সঞ্চয়ের প্রকল্পে এই গুরুত্বপূর্ণ অর্থায়ন বায়ু এবং সোলারের ক্ষেত্রে আমাদের বিনিয়োগকে পরিপূরক হিসেবে কাজ করবে যা আমাদের লক্ষ্য পরিচ্ছন বিদ্যুৎ উৎপাদনে সহায়ক হবে। আমরা জানি যে আমাদের পরিবেশ ক্রমাগত হুমকির সম্মুখীন হচ্ছে এবং আমাদের আজকের কাজগুলো ভবিষ্যৎ প্রজন্মকে একটি উজ্জ্বল ভবিষ্যৎ প্রদান করবে।"

নবায়নযোগ্য বিদ্যুতের উৎস যেমন- বায়ু ও সোলার স্টেটজুড়ে বেড়ে চলেছে, বিদ্যুৎ সঞ্চয় ইলেকট্রিক গ্রিডের কর্মক্ষমতা বাড়াতে সাহায্য করবে যা এই নবায়নযোগ্য বিদ্যুতের উৎসগুলো হতে প্রাপ্ত সুবিধাগুলোকে বর্ধিত করবে। বিদ্যুৎ সঞ্চয় ব্যবস্থা নিউ ইয়র্ককে বিদ্যুৎ সরবরাহের পুরনো ব্যবস্থা জীবাশ্ম-জ্বালানী তৈরির প্লান্ট যা অনেকটা কম কার্যক্ষম তার উপর নির্ভরতা কমিয়ে সর্বোচ্চ বিদ্যুৎ চাহিদা মেটাতে সাহায্য করবে।

বর্তমানে নিম্নোক্ত দুইটি ক্ষেত্রে অর্থায়ন করা হয়েছে:

বাণিজ্যিক ইনসেন্টিভ

NYSERDA-এর রিটেইল এনার্জি স্টোরেজ ইনসেন্টিভ প্রোগ্রাম পাঁচ মেগাওয়াট পর্যন্ত নতুন গ্রিডে সংযুক্ত বিদ্যুৎ সঞ্চয় ব্যবস্থাকে সহায়তা প্রদান করবে যা বর্তমানে মিটারের অতিরিক্ত লোড বা সরাসরি বন্টন ব্যবস্থার সাথে সংযোগের বিকল্প কারেন্ট (alternating current, AC) হিসেবে কাজ করবে। প্রথম ব্লকের ইনসেন্টিভ থেকে 250 মার্কিন ডলার মূল্যের প্রতি কিলোওয়াট ঘণ্টা প্রতি বিদ্যুৎ সঞ্চয় হবে। যোগ্য বিদ্যুৎ সঞ্চয়ের সিস্টেমগুলোর মধ্যে রয়েছে কেমিক্যাল, থার্মাল বা মেকানিক্যাল সিস্টেম যা পাবলিক সার্ভিস ইলেকট্রিক অ্যান্ড গ্যাস লং আইল্যান্ড (PSEG-LI) ট্যারিফ বা লোড রিলিফ প্রোগ্রাম (load relief program)-এর আওতাভুক্ত। যোগ্য সিস্টেমগুলো এককভাবে বা সোলারের মাধ্যমে প্রতিস্থাপিত হতে পারে।

আবাসিক ইনসেন্টিভ

এছাড়াও, NYSERDA এবং PSEG-LI যৌথভাবে একটি আবাসিক সোলার-প্লাস-এনার্জি সঞ্চয় প্রকল্প চালু করতে যাচ্ছে যা লং আইল্যান্ডের নতুন প্রকল্পসমূহকে NYSERDA-এর NY-Sun প্রকল্পের মাধ্যমে আপফ্রন্ট সঞ্চয় সুবিধা প্রদানের পাশাপাশি PSEG-LI এর ডাইনেমিক লোড ম্যানেজমেন্ট (Dynamic Load Management, DLM) ট্যারিফ এর মাধ্যমে ক্ষতিপূরণ প্রদান করবে। যখন

বিদ্যুতের চাহিদা সর্বোচ্চ থাকে তখন ইলেকট্রিক গ্রিড থেকে বিদ্যুতের ব্যবহার কমানোর জন্য DLM ট্যারিফ কাস্টমারকে পরিশোধ করে। NY-Sun প্রাথমিকভাবে নতুন আবাসিক সোলার-প্লাস-স্টোরেজ সিস্টেমের দুইটি ইনসেন্টিভ ব্লক প্রকাশ করবে যাতে স্থাপিত বিদ্যুৎ সঞ্চয়ের প্রতি kWh 250 মার্কিন ডলারে শুরু হবে এবং দ্বিতীয় ব্লকে প্রতি kWh 200 মার্কিন ডলারে শেষ হবে।

NYSERDA-এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যালিসিয়া বার্টন বলেন, "স্টেটজুড়ে বহু নবায়নযোগ্য উৎস অনলাইনে আনার কারণে যখন আবাসিক এবং ব্যবসাগুলোকে পরিষ্কার, আরও নির্ভরযোগ্য বিদ্যুৎ ব্যবস্থার পাশাপাশি সোলারের মতো রিসোর্সগুলি প্রদান করা হবে তখন তখন সেটি বিদ্যুৎ সঞ্চয় গ্রিডের কর্মক্ষমতাকে বহুগুণ বাড়িয়ে তুলবে। আজকের ঘোষণা নিউ ইয়র্কের মার্কেটে প্রথম সারির পরিচ্ছন্ন বিদ্যুতের কেন্দ্র হিসেবে লং আইল্যান্ডের কথা আবারো স্মরণ করিয়ে দেয় এবং স্টেটকে গভর্নর কুওমোর 2030 সাল নাগাদ 3,000 মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্নের লক্ষ্য অর্জনের দিকে ধাবিত করে।"

সোলার এবং বিদ্যুৎ সঞ্চয়ের প্রযুক্তির সমন্বয় শুধু খরচকে কমিয়েই আনবে না বরং আবাসিক গ্রাহকদের গ্রিডের ডি-কার্বোনাইজিংয়ের মূল্য বুঝতে ও এর স্থিতিস্থাপকতা বাড়াতে সাহায্য করবে। লং আইল্যান্ডের প্রায় 14,000 সোলার প্রকল্প মোট 111 মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করছে যা সোলার ও বিদ্যুৎ সঞ্চয় প্রযুক্তির দ্বারা প্রতিস্থাপিত হওয়ার পাশাপাশি লং আইল্যান্ডের পরিচ্ছন বিদ্যুতের বাজারকেও রুপান্তরিত হতে ব্যাপকভাবে সাহায্য করবে। বর্তমানে, লং আইল্যান্ড সোলার বাজারের একটি পূর্ণাঙ্গ কেন্দ্রভূমি এবং এটি নিউ ইয়র্ককে আবাসিক সোলারের একটি আত্ম-প্রতিষ্ঠিত মডেল তৈরিতে উদ্বুদ্ধ করছে।

সিনেট এনার্জি অ্যান্ড টেলিকমিউনিকেশনস কমিটি (Senate Energy and Telecommunications Committee)-এর সভাপতি সিনেটর কেভিন এস. পার্কার বলেন, "যেহেতু আমাদের স্টেট পরিচ্ছন্ন বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে কাজ করছে, তাই এটি আমাদের জন্য গুরুত্বপূর্ণ যে আমরা এই গুরুত্বপূর্ণ পদক্ষেপসমূহ গ্রহণ করবো যেমন- বিদ্যুৎ সঞ্চয়ের জন্য বিনিয়োগ করা যাতে করে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আমরা যে লক্ষ্য নির্ধারণ করেছি তা অর্জন করে স্টেটের জন্য একটি পরিচ্ছন্ন বিদ্যুতের ভবিষ্যৎ নিশ্চিত করতে পারি। এই বিনিয়োগের জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই কেননা আমরা নিউ ইয়র্ক স্টেটের গ্রিন নিউ ডিলে নির্ধারিত লক্ষ্যসমূহ অর্জনে নিষ্ঠার সাথে কাজ করা অব্যাহত রেখেছি।"

"লং আইল্যান্ডের করদাতাদের উপকৃত করে এমন একটি কার্বন মুক্ত অর্থনীতি তৈরি করা জরুরি এবং NYSERDA ও গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর মধ্যকার অংশীদারীত্বমূলক এই অনুদান কর্মসূচি লং আইল্যান্ডে পরিচ্ছন্ন বিদ্যুতের উন্নয়নমূলক বিনিয়োগকে অগ্রাধিকারভুক্ত করে", **সিনেট এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিটি (Senate Environmental Conservation Committee)-এর সভাপতি সিনেটর টড কামিনস্কি বলেন,** "আমাদের বিশ্বকে বাঁচানোর জন্য আমরা দৃঢ় ও সংগ্রামী পদক্ষেপের মাধ্যমে একত্রে কাজ করে যাব।"

অ্যাসেম্বলি এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিটি (Assembly Environmental Conservation Committee)-এর সভাপতি অ্যাসেম্বলি মেম্বার স্টিভ এঙ্গেলব্রাইট বলেন, "লং আইল্যান্ডে বিদ্যুৎ

সঞ্চয় প্রকল্পের উদ্যোগ গ্রহণ আমাদের নবায়নযোগ্য উৎসের সক্ষমতাকে বাড়ানোর জন্য একটি প্রয়োজনীয় পদক্ষেপ। এটি জীবাশ্ম-জ্বালানী, করদাতাদের জন্য স্ট্যাবিলাইজ বিদ্যুৎ বিল এবং গ্রিনহাউস গ্যাস নির্গমনের উপর আমাদের চাপ কমাতে সাহায্য করবে। গভর্নর কুওমোর এই পদক্ষেপের জন্য আমি তার প্রশংসা করছি এবং জলবায়ু পরিবর্তন মোকাবিলার ক্ষেত্রে নিউ ইয়র্ককে আরও এগিয়ে যাওয়ার জন্য আমরা আরও পদক্ষেপের আশা রাখছি।"

PSEG লং আইল্যান্ডের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডান আইকহন বলেন, "নিউ ইয়র্ক স্টেট ব্যাটারি স্টোরেজের ক্ষেত্রে শীর্ষ স্থানীয় পর্যায়ে পরিণত হতে যাচ্ছে। এই তহবিলটি নতুন প্রযুক্তির মাধ্যমে লং আইল্যান্ডের এনার্জি গ্রিডের আধুনিকীকরণে সহায়তা করে যা PSEG লং আইল্যান্ডকে নিউ ইয়র্কের উচ্চাভিলাষী পরিচ্ছন্ন বিদ্যুতের লক্ষ্যসমূহ অর্জনে সহায়তা করবে। লং আইল্যান্ড ও নিউ ইয়র্কের পরিচ্ছন্ন বৈদ্যুতিক অর্থনীতির ব্যাপারে গভর্নরের একনিষ্ঠ অঙ্গীকারের জন্য আমি তাকে ধন্যবাদ জানাই।"

গ্রিড-স্কেল ভিত্তিক বিদ্যুৎ সঞ্চয় প্রকল্পসমূহে সহযোগিতা করতে এবং বাজারজাতকরণ ও অর্থায়নের বাধাগুলি শনাক্ত করার মাধ্যমে বৈদ্যুতিক গ্রিডের নমনীয়তা বৃদ্ধি করতে নিউ ইয়র্কে দেশের সর্বোচ্চ বিদ্যুৎ সঞ্চয়ের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য 400 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের অংশ হিসেবে এপ্রিল মাসে গভর্নর কুওমো ঘোষিত 280 মিলিয়ন মার্কিন ডলারের সহায়তা এবং নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA) কর্তৃক ডিসেম্বর মাসে 250 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি লং আইল্যান্ডের এই সকল বিদ্যুৎ সঞ্চয় প্রকল্পসমূহের ভিত্তি হিসেবে কাজ করছে। আজকের ঘোষণাটি গত জুন মাসে নিউ ইয়র্ক এনার্জি স্টোরেজ রোডম্যাপ (New York Energy Storage Roadmap) প্রকাশের পর নিউ ইয়র্ক স্টেটের বিদ্যুৎ সঞ্চয় খাতকে গতিশীল করতে গভর্নর কুওমো কর্তৃক গৃহীত ধারাবাহিক পদক্ষেপসমূহের সর্বশেষ সংযোজন।

2018 সালের ডিসেম্বরে নিউ ইয়র্ক পাবলিক সার্ভিস কমিশন (Public Service Commission, PSC) তার এনার্জি স্টোরেজ অর্ডার (আদেশ) গভর্নর কুওমোর 2025 সালের মধ্যে 1,500 মেগাওয়াট বিদ্যুতের সঞ্চয় 2030 সাল নাগাদ 3,000 মেগাওয়াটের লক্ষ্যমাত্রা গ্রহণের অনুমোদন দিয়েছে যার ফলে প্রত্যাশা করা যাচ্ছে যে নিউ ইয়র্কের বাসিন্দাদেরকে 3 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি সুবিধা প্রদান করা যাবে এবং দুই মিলিয়ন মেট্রিক টন কার্বন ডাই অক্সাইড নির্গমন এড়ানো যাবে। এই লক্ষ্যগুলি স্পষ্ট করে যে গভর্নর কুওমোর গ্রিন নিউ ডিলের অধীনে ঘোষণা অনুযায়ী নিউ ইয়র্ক কর্তৃক তার উচ্চাকাঙ্ক্ষী পরিচ্ছন্ন বিদ্যুতের লক্ষ্যগুলি অর্জনের প্রচেষ্টার একটি মূল অংশ হিসেবে বিদ্যুত সঞ্চয় অব্যাহত থাকবে।

নিউ ইয়র্ক স্টেটের গ্রিন নিউ ডিল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর গ্রিন নিউ ডিল দেশের সবচেয়ে সংগ্রামী জলবায়ু পরিবর্তন বিষয়ক কর্মসূচি এবং স্টেটকে বিদ্যুৎ উৎপাদন, পরিবহন, ভবন, শিল্প ও কৃষিসহ অর্থনীতির সব খাতে সম্পূর্ণরূপে কার্বন-নিরপেক্ষ হওয়ার পথে রাখে। গভর্নরের কর্মসূচিটি 2040 সালের মধ্যে কার্বন নির্গমন মুক্ত বিদ্যুৎ খাত অর্জনের একটি লক্ষ্য স্থাপন করে, যেটি দেশের অন্য যেকোনো স্টেটের চেয়ে অনেক বেশি দ্রুততর। সম্প্রতি গৃহীত ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রটেকশন অ্যাক্ট

(Climate Leadership and Community Protection Act, CLCPA) গভর্নরের উচ্চাকাঙ্ক্ষী গ্রিন নিউ ডিল পরিচ্ছন্ন জ্বালানী লক্ষ্যসমূহের কয়েকটি সংশোধন করেছে: 2035 সালের মধ্যে অফশোর বায়ুর নয়টি গিগাওয়াট স্থাপন করা; 2025 সালের মধ্যে বিতরণযোগ্য ছয় গিগাওয়াট সৌর সোলার এবং 2030 সালের মধ্যে তিন গিগাওয়াটের বিদ্যুৎ সঞ্চয়। এছাড়াও CLCPA একটি পদ্ধতি তৈরির জন্য বলেছে এবং শুধুমাত্র পরিচ্ছন্ন বিদ্যুতের স্থানান্তরসহ একটি গ্রিন ইকোনোকিকে উৎসাহিত করার পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টির আহ্বান জানিয়েছে। এটি পরিচ্ছন্ন বিদ্যুৎ খাতে নিউ ইয়র্কের অভূতপূর্ব উন্নয়নসহ স্টেটজুড়ে 46টি বৃহৎ পরিসরের নবায়নযোগ্য প্রকল্পে 2.9 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ, নিউ ইয়র্কের পরিচ্ছন্ন বিদ্যুৎ খাতে 150,000 এর বেশি কর্মসংস্থান সৃষ্টি এবং বন্টনযোগ্য সোলার খাতে 2012 সাল থেকে এ পর্যন্ত 1,700% প্রবৃদ্ধি সৃষ্টি করেছে। এছাড়াও CLCPA নিউ ইয়র্ক স্টেটের এজেন্সি ও কর্তৃপক্ষকে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর লেভেলসমূহ থেকে 2050 সালের মধ্যে 85% কমিয়ে আনতে এবং অবহেলিত কমিউনিটিসমূহের সুবিধার্থে 40 শতাংশ পরিচ্ছন্ন বিদ্যুৎ এবং বিদ্যুৎ সাশ্রয়ী রিসোর্সসমূহ বিনিয়োগের লক্ষ্যে কাজ করার পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে স্টেকহোল্ডারদের সাথে যৌথভাবে কাজ করার নির্দেশনা দেয়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন